# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র (সৃজনশীল)** বিষয় কোড | ২ | ৫ | ৪ |

**সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান—৭০**

[ বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের পূর্ণমান ১০।)

## ক বিভাগ

১. ▶

**হক কোম্পানি লিমিটেড**
**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর, ২০১৫**

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| সুনাম | ৬০,০০০ | আদায়কৃত মূলধন (প্রতিটি শেয়ার ১০ টাকা করে) | ৩,৬০,০০০ |
| দালানকোঠা | ২,৩০,০০০ | রক্ষিত আয় বিবরণীর জের (প্রারম্ভিক) | ৫০,০০০ |
| ক্রয় | ৯০,০০০ | শেয়ার অধিহার | ৩০,০০০ |
| ভাড়া (১০ মাস) | ১০,০০০ | লভ্যাংশ সমতাকরণ তহবিল | ২০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৭০,০০০ | বিক্রয় | ৪,০০,০০০ |
| মজুরি | ১৫,০০০ | কমিশন প্রাপ্তি | ৩,০০০ |
| যন্ত্রপাতি | ২,৫০,০০০ | প্রদেয় হিসাব | ২২,০০০ |
| পরিবহন | ৪,০০০ | অদাবিকৃত লভ্যাংশ | ১০,০০০ |
| ডক চার্জ | ৬,০০০ | বিনিয়োগের সুদ | ১,০০০ |
| অন্তঃ ফেরত | ১০,০০০ | | |
| ১২% বিনিয়োগ | ৫০,০০০ | | |
| নগদ তহবিল | ৩০,০০০ | | |
| প্রাপ্য হিসাব | ৭১,০০০ | | |
| | ৮,৯৬,০০০ | | ৮,৯৬,০০০ |

**সমন্বয়সমূহ:** ১. সমাপনী মজুদ পণ্য ৮৫,০০০ টাকা মূল্যায়ন করা হয়েছে যার মধ্যে ১০,০০০ টাকার অগ্নি বিনষ্ট পণ্য অন্তর্ভুক্ত রয়েছে। বিমা কোম্পানি ৭০% ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে। ২. বিক্রয় অথবা ফেরত ভিত্তিতে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা (ক্রয়মূল্য ১৫,০০০ টাকা) যা এখনও বিক্রয় বলে নিশ্চিত হওয়া যায়নি। ৩. ধারে ক্রয়কৃত ৫,০০০ টাকার পণ্য ফেরত দেয়া হয়েছে যা ভুলবশত হিসাবভুক্ত হয়নি। ৪. ২০১৫ সালের ৩০ জুন তারিখে ৫০,০০০ টাকার একটি যন্ত্র ক্রয় করা হয়েছে যার সংস্থাপন ব্যয় ৫,০০০ টাকা মজুরির অন্তর্ভুক্ত আছে। পক্ষান্তরে মজুরি ২,০০০ টাকা

https://teachingbd24.com

এখনও বকেয়া আছে। ৫. মুনাফের অর্ধাংশ শেয়ার অধিহার দ্বারা অবলোপন কর এবং অবশিষ্টাংশ চলতি বছরের মুনাফা দ্বারা অবলোপন কর। ৬. যন্ত্রপাতির ওপর ১০% অবচয় ধার্য কর।

ক. সমাপনী মজুদ পণ্যের প্রকৃতমূল্য নির্ণয় করো। ২

খ. প্রয়োজনীয় বিবরণী প্রস্তুত করে মোট লাভ নির্ণয় করো। ৪

গ. রক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত ১,৮৭,২৫০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

২. ▶ ABC কোম্পানি লিমিটেডের অনুমোদিত মূলধন ৬,০০,০০০ টাকা, যা প্রতিটি ১০০ মূল্যের ৬,০০০ শেয়ারে বিভক্ত। ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে প্রস্তুতকৃত রেওয়ামিলটি নিম্নরূপ—

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন (২,৬০০ শেয়ার) | | ২,৬০,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৮৫,০০০ | ৪৫,০০০ |
| ১০% ঋণপত্র (০১-০৭-২০১৫) | | ১,০০,০০০ |
| ১২% ব্যাংক ঋণ (০১-০৪-২০১৫) | ১,৫০,০০০ | |
| মজুদ পণ্য (০১-০১-২০১৬) | ২৭,০০০ | |
| ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাটসহ) | ২,৪০,৫০০ | ৩,২৭,০০০ |
| কারখানা ভাড়া | ৫,০০০ | |
| ব্যবসায়িক খরচাবলি | ২২,০০০ | |
| মজুরি | ২০,০০০ | |
| আমদানি শুল্ক | ১২,০০০ | |
| রপ্তানি শুল্ক | ১০,০০০ | |
| ভাড়া | ৭,৫০০ | ৫,৫০০ |
| অফিস ভাড়া | ১০,০০০ | |
| গুদাম ভাড়া | ৫,০০০ | |
| যন্ত্রপাতি | ১,১৫,০০০ | |
| ব্যাংক | ৭,৫০০ | |
| বেতন | ২১,০০০ | |
| | ৭,৩৭,৫০০ | ৭,৩৭,৫০০ |

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৫০,০০০ টাকা। ২. ২৫

https://teachingbd24.com

ডিসেম্বর ২০১৬ তারিখে জলোচ্ছ্বাসে ১০,০০০ টাকার পণ্য বিনষ্ট হয়। ৩. স্বত্বাধিকারী নিজ প্রয়োজনে ৬,৫০০ টাকা পণ্য উত্তোলন করেছেন কিন্তু হিসাবভুক্ত হয় নি। ৪. যন্ত্রপাতি সংস্থাপন ব্যয় ৫,০০০ টাকা ব্যবসায়িক খরচাবলির মধ্যে অন্তর্ভুক্ত আছে। যন্ত্রপাতিটি ০১-০৭-২০১৬ তারিখে সংস্থাপন করা হয়েছে। ৫. খরিদ্দারদের মাঝে বিনামূল্যে ৪,০০০ টাকার পণ্য বিতরণ। ৬. বকেয়া বেতন ১০,০০০ টাকা। ৭. যন্ত্রপাতির অবচয় ১০%।

ক. প্রদত্ত ভাটি ও প্রাপ্ত ভাটি নিরূপণ করো। ২

খ. কোম্পানির মোট লাভ/ক্ষতির পরিমাণ দেখাও। ৪

গ. নিট লাভ/ক্ষতি নির্ণয় করো। ৪

## খ বিভাগ

৩.► সেহরীন, রত্না ও পারিসা একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তাদের লাভ-লোকসান অনুপাত সেহরীন, রত্না ও পারিসা যথাক্রমে ২ : ২ : ১। ১ জানুয়ারি, ২০১৬ তাদের মূলধনের পরিমাণ ছিল সেহরীন ২,০০,০০০ টাকা, রত্না ১,৮০,০০০ টাকা এবং পারিসা ১,৫০,০০০ টাকা। অংশীদারগণ তাদের মূলধনের ওপর ১০% সুদ পাবে। সেহরীন ব্যবসায়ে সার্বক্ষণিক কাজের জন্য প্রতি মাসে ২,০০০ টাকা করে বেতন পাবে। প্রত্যেক মাসের শেষ তারিখে সেহরীন প্রতি মাসে ৫০০ টাকা, রত্না প্রতি মাসে ৪০০ টাকা এবং পারিসা প্রতি মাসে ৩০০ টাকা করে উত্তোলন করেন। অংশীদারদের এ উত্তোলিত টাকার ওপর ১০% সুদ ধার্য করতে হবে। উপরোক্ত সমন্বয়সাধন করার পূর্বে বছর শেষে ব্যবসায়ের লাভের পরিমাণ দাঁড়ায় ১,০৫,০০০ টাকা।

ক. অংশীদারগণের উত্তোলনের সুদ নির্ণয় করো। ২

খ. প্রত্যেক অংশীদারের বণ্টনযোগ্য মুনাফার পরিমাণ নির্ণয় করো। ৪

গ. অংশীদারগণের মূলধন হিসাব তৈরি করো। ৪

৪.► মেরিকো বাংলাদেশ লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ শেয়ারে বিভক্ত, ১০,০০,০০০ টাকার অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হলো। প্রতিষ্ঠানটি ২,২০,০০০ টাকা মূল্যের একটি জমির বিনিময়ে ১০% অধিহারে শেয়ার ইস্যু করে। অবশিষ্ট শেয়ারের ৬০% শেয়ার ১০% অধিহারে বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করলে ১৫% অতিরিক্ত আবেদন জমা পড়ে। ইস্যুকৃত শেয়ারসমূহ যথাযথভাবে বণ্টনের পর অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত প্রদান করা হয়।

ক. জমির বিনিময়ে ইস্যুকৃত শেয়ার সংখ্যা নির্ণয় করো। ২

খ. শেয়ার অধিহারের পরিমাণ নির্ণয় করো ও ব্যাংক হিসাব প্রস্তুত করো। ৪

গ. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

https://teachingbd24.com

৫. ▶ সোনার বাংলা লিমিটেডের ২০১৫ সালের ৩০ জুন তারিখের আর্থিক অবস্থা ও অন্যান্য তথ্য নিম্নরূপ—

**সোনার বাংলা লিমিটেড**
**আর্থিক অবস্থার বিবরণী**
৩০ জুন, ২০১৫

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| প্রদেয় নোট | ২৫,০০০ | নগদ | ৫৫,০০০ |
| প্রদেয় হিসাব | ৭০,০০০ | প্রাপ্য হিসাব | ১,০০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ১৫,০০০ | মজুদ পণ্য | ৪০,০০০ |
| ১০% ঋণ | ১,০০,০০০ | প্রাপ্য নোট | ২৫,০০০ |
| শেয়ার মূলধন | ২,৯০,০০০ | আসবাবপত্র | ৮০,০০০ |
| | | দালানকোঠা | ২,০০,০০০ |
| | ৫,০০,০০০ | | ৫,০০,০০০ |

অন্যান্য তথ্য : প্রারম্ভিক মজুদ পণ্য ৫৫,০০০ টাকা, বিক্রয় (নগদ বিক্রয় ১,২০,০০০ টাকাসহ) ৫,০০,০০০ টাকা, নিট মুনাফা ১,১২,৫০০ টাকা।

ক. চলতি সম্পত্তি ও চলতি দায় নির্ণয় করো। ২

খ. চলতি অনুপাত ও নিট মুনাফা অনুপাত নির্ণয় করো। ৪

গ. সম্পত্তি আবর্তন অনুপাত ও মজুদ আবর্তন অনুপাত নির্ণয় করো। ৪

৬. ▶ ফারহান ট্রেডার্সের বছরের শুরুতে ৭ টাকা দরের ৫০০ একক পণ্য হাতে ছিল। সারা বছরের ক্রয়ের পরিমাণ নিম্নরূপ—

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ১০ | ৮ টাকা দরে ৭০০ একক। |
| মার্চ | ১৫ | ৯ টাকা দরে ৬০০ একক। |
| জুলাই | ৭ | ১০ টাকা দরে ৪০০ একক। |
| ডিসেম্বর | ১৮ | ১১ টাকা দরে ৩০০ একক। |

ফারহান ট্রেডার্সের সারা বছরে বিক্রয়ের পরিমাণ ১৯ টাকা দরে ১,৫০০ একক। ফারহান ট্রেডার্সে কালান্তিক মজুদ মূল্যায়ন পদ্ধতি এবং শেষে আসলে আগে যায় (লিফো) পদ্ধতি অনুসরণ করে।

ক. সমাপনী মজুদ পণ্যের পরিমাণ (একক) নির্ণয় করো। ২

খ. বিক্রয়যোগ্য পণ্যের মূল্য নির্ণয় করো। ৪

গ. সমাপনী মজুদ পণ্যের মূল্য নির্ণয়পূর্বক মোট মুনাফা নির্ণয় করো। (আয় বিবরণীর মাধ্যমে) ৪

teachingbd24.com

৭. ▶ একটি কোম্পানির হিসাব বহি হতে নিম্নলিখিত তথ্যাবলি পাওয়া গেল—

| বিবরণ | টাকা |
|---|---|
| একক প্রতি বিক্রয়মূল্য | ১০০ |
| পরিবর্তনশীল ব্যয় একক প্রতি | ৭৫ |
| স্থায়ী ব্যয় | ১,০০,০০০ |

ক. সমচ্ছেদ বিন্দু নির্ণয় করো। (টাকায় ও এককে) ২

খ. যদি বিক্রয়ের পরিমাণ ৬,০০০ একক হয় তবে মুনাফার পরিমাণ কত? ৪

গ. যদি কোম্পানি ১,০০,০০০ টাকা মুনাফা অর্জন করতে চায় তবে কত একক বিক্রয় করতে হবে। ৪

৮. ▶ রথিন ম্যানুফ্যাকচারিং একটি আসবাবপত্র প্রস্তুতকারী প্রতিষ্ঠান। ২০১৬ সালের অক্টোবর মাসের ব্যয় সংক্রান্ত কিছু তথ্য ছিল নিম্নরূপ:

i. কারখানা মেশিনের বার্ষিক অবচয় ৪,০০০ টাকা।
ii. বিক্রীত পণ্য সরবরাহ যানের অবচয় ২,০০০ টাকা।
iii. কারখানায় ব্যবহৃত মেশিন ভাড়া ২,৫০০ টাকা।
iv. কারখানা সুপারভাইজারের বেতন ৩,০০০ টাকা।
v. তৈরি পণ্যের গুদামজাতকরণ কর্মীর বেতন ২,০০০ টাকা।
vi. কারখানার তাপ ও পানি বাবদ ব্যয় ১,৭০০ টাকা।
vii. বিজ্ঞাপন খরচ ২,৭০০ টাকা।
viii. কারখানা শ্রমিকের ক্ষতিপূরণ বিমা ৩,০০০ টাকা।
ix. অফিস অভ্যর্থনাকারীর বেতন ১,৫০০ টাকা।

ক. নিয়ন্ত্রিত ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. পণ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. কালীন ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

৯. ▶ আমান বাংলাদেশ লিমিটেড

আর্থিক অবস্থার বিবরণী (তুলনামূলক)

২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | ২০১৬ (টাকা) | ২০১৫ (টাকা) |
|---|---|---|
| সম্পদসমূহ | | |
| নগদ তহবিল | ৯৭,২০০ | ৫৬,৬০০ |
| প্রাপ্য হিসাব | ৮১,০০০ | ২৮,৮০০ |
| মজুদ পণ্য | ৮০,০০০ | ৬৪,০০০ |

Teachingbd24.com

| বিবরণ | ২০১৬ (টাকা) | ২০১৫ (টাকা) |
|---|---|---|
| ভূমি ও দালানকোঠা | ৪,৪১,০০০ | ২,২০,০০০ |
| **মোট সম্পদ** | ৬,৯৯,২০০ | ৩,৭৯,৪০০ |
| **দায় ও মালিকানা স্বত্ব** | | |
| প্রদেয় হিসাব | ৫০,৪০০ | ৫৪,০০০ |
| প্রদেয় বন্ড | ৮৮,০০০ | ১,১৯,৬০০ |
| বন্ধকি ঋণ | ৯০,০০০ | ৪৮,০০০ |
| সাধারণ শেয়ার | ২,৫৪,০০০ | ৭৭,০০০ |
| অগ্রাধিকার শেয়ার | ১,৫০,০০০ | ৫০,০০০ |
| সংরক্ষিত আয় | ৬৬,৮০০ | ৩০,৮০০ |
| **মোট দায় ও মালিকানা স্বত্ব** | ৬,৯৯,২০০ | ৩,৭৯,৪০০ |

অন্যান্য তথ্য: ১. নিট ক্ষতি ২৫,০০০ টাকা; ২০,০০০ টাকা লভ্যাংশ প্রদান; ২. বোনাস শেয়ার ইস্যু করা হয়েছে ৪০,০০০ টাকা; ৩. ভূমি ও দালানকোঠা পুনঃমূল্যায়ন করে ১,২১,০০০ টাকার মূল্য বৃদ্ধি করা হয়েছে; ৪. ৫৮,০০০ টাকায় ভূমি ক্রয় নগদে ক্রয় করা হয়েছে; ৫. ৪২,০০০ টাকার দালান ক্রয় করতে বন্ধকি ঋণ নেয়া হয়েছে; প্রদেয় বন্ড সাধারণ শেয়ারে রূপান্তর করা হয়েছিল ১৫,০০০ টাকা; অগ্রাধিকার শেয়ার নগদে ইস্যু করা হয়েছিল; নগদে সাধারণ শেয়ার ইস্যু করা হয় ১,২২,০০০ টাকা; প্রদেয় বন্ড নগদে পরিশোধ করা হয়।

ক. নগদ প্রবাহ বিবরণীতে অন্তর্ভুক্ত হবে না এমন দফার মোট পরিমাণ নির্ণয় করো। ২

খ. অর্থায়ন কার্যক্রম হতে নগদ প্রবাহ নির্ণয় করো। ৪

গ. একটি নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করো। ৪

১০. ▶ ২০১৪ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য রানা ম্যানুফ্যাকচারিং কোম্পানির নিম্নলিখিত তথ্য পাওয়া গেল:

| | টাকা |
|---|---|
| মজুদ কাঁচামাল (০১-০১-২০১৪) | ২৬,০০০ |
| কাঁচামাল ক্রয় | ৮০,০০০ |
| মজুরি ($^2/_3$ অংশ প্রত্যক্ষ, $^1/_3$ অংশ পরোক্ষ) | ২৪,০০০ |
| ক্রয় পরিবহন | ২,০০০ |
| ভাড়া ও কর ($^3/_4$ অংশ কারখানা এবং $^1/_4$ অংশ অফিস) | ৮,০০০ |
| মজুদ কাঁচামাল (৩১-১২-২০১৪) | ২০,৫০০ |
| কারখানার অন্যান্য ব্যয় | ১৫,০০০ |
| বেতন ($^2/_4$ অংশ কারখানা, $^1/_4$ অংশ অফিস এবং $^1/_4$ অংশ বিক্রয় সংক্রান্ত) | ২০,০০০ |

https://teachingbd24.com

শোরুম খরচ 8,৫০০

লাভ মোট ব্যয়ের উপর ২৫%

ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উৎপাদন/কারখানা ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. বিক্রীত পণ্যের ব্যয় ১,৫০,০০০ টাকা ধরে একটি আংশিক বিবরণী প্রস্তুত করো। ৪

১১. ▶ ফাকাতিয়া ক্লাবের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ:

ডেবিট প্রাপ্তি ও প্রদান হিসাব ক্রেডিট

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| **প্রারম্ভিক উদ্বৃত্ত:** | | সচিবের সম্মানী (৯ মাসের) | ৭২,০০০ |
| নগদ উদ্বৃত্ত | ১১,০০০ | ছাপা ও মনিহারি | ১১,০০০ |
| ব্যাংক উদ্বৃত্ত | ২০,০০০ | সংবাদপত্র ও সাময়িকী | ৬,০০০ |
| প্রবেশ ফি | ৪০,০০০ | বৃত্তি প্রদান | ২০,০০০ |
| চাঁদা | ১,২০,০০০ | ঋণের সুদ | ১,০০০ |
| ১০% ঋণ গ্রহণ (১-৭-১৫) | ৬০,০০০ | বকেয়া দেনা পরিশোধ | ৬,০০০ |
| ব্যাংক জমার সুদ | ১,০০০ | বই পুস্তক ক্রয় (১-৭-১৫) | ৪০,০০০ |
| | | প্রাইজ বন্ড ক্রয় | ৬০,০০০ |
| | | **সমাপনী উদ্বৃত্ত:** | |
| | | নগদ উদ্বৃত্ত | ১২,০০০ |
| | | ব্যাংক উদ্বৃত্ত | ২৪,০০০ |
| | ২,৫২,০০০ | | ২,৫২,০০০ |

২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে ক্লাবের সম্পদ নিম্নরূপ ছিল: বই পুস্তক ৮০,০০০ টাকা; এবং প্রাইজ বন্ড ১,০০,০০০ টাকা।

অন্যান্য তথ্য : ১. জন প্রতি ১,০০০ টাকা হারে ১০ জন সদস্যের চাঁদা এখনো পাওয়া যায় নি। ২. মনিহারির সমাপনী মজুদ ছিল ১,০০০ টাকা। ৩১-১২-২০১৫ তারিখে ছাপা খরচ অপরিশোধিত রয়েছে ২,০০০ টাকা। ৩. প্রবেশ ফির সম্পূর্ণ অংশ মূলধন তহবিলে স্থানান্তরিত হবে। ৪. বই পুস্তকের ওপর ১০% অবচয় ধরতে হবে।

ক. প্রারম্ভিক সম্পদসমূহ ও দায়সমূহের পার্থক্য নির্ণয় করো। ২

খ. মোট আয় ১,৫১,০০০ টাকা ধরে আয়-ব্যয় হিসাব প্রস্তুত করো। (বিবরণী ছক ব্যবহার করো)। ৪

গ. উদ্বর্তপত্রের সম্পদ পার্শ্ব প্রদর্শন করো। ৪

https://teachingbd24.com

# বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৪ |

সময় ঃ ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. যে সব শেয়ার বন্টিত হয় তাকে কী বলে?
   ক) অনুমোদিত মূলধন খ) ইস্যুকৃত মূলধন
   গ) বিলিকৃত মূলধন ঘ) তলবকৃত মূলধন

২. কোম্পানির মূলধন পরিমাণ ও কত শেয়ারে বিভক্ত তা কোন দলিলে উল্লেখ থাকে?
   ক) নিবন্ধনপত্রে
   খ) স্মারকলিপিতে
   গ) পরিমেল নিয়মাবলিতে
   ঘ) উদ্বৃত্তপত্রে

৩. রেওয়ামিলে অনাদায়ী তলব থাকলে তা উদ্বর্তপত্রে কীভাবে বসবে?
   ক) তলবকৃত মূলধন থেকে বাদ দিয়ে
   খ) আদায়কৃত মূলধন থেকে বাদ দিয়ে
   গ) আদায়কৃত মূলধনের সাথে যোগ হয়ে
   ঘ) তলবকৃত মূলধনের সাথে যোগ হয়ে

৪. মুনাফাবিহীন বিক্রয়কে দেখাতে হবে—
   i. ক্রয় থেকে বাদ দিয়ে ii. বিক্রয় থেকে বাদ দিয়ে
   iii. নিট মুনাফা থেকে বাদ দিয়ে
   নিচের কোনটি সঠিক?
   ক) i ও ii খ) i ও iii
   গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।

| বিবরণ | টাকা |
|---|---|
| শেয়ার উনিষার | ৫,০০০ |
| শেয়ার হস্তান্তর ফি | ৩,০০০ |
| কোম্পানির গবেষণা ব্যয় | ৫,০০০ |
| বিলম্বিত বিজ্ঞাপন | ২,০০০ |
| দাবিহীন লভ্যাংশ প্রত্যাহার | ৩,০০০ |
| প্রাথমিক খরচ | ৩,০০০ |

৫. অপরিচালন আয়ের পরিমাণ কত টাকা?
   ক) ৩,০০০ খ) ৫,০০০
   গ) ৭,০০০ ঘ) ১০,০০০

৬. ভুয়া সম্পত্তির পরিমাণ কত টাকা?
   ক) ৫,০০০ খ) ১০,০০০
   গ) ১৫,০০০ ঘ) ২০,০০০

৭. যে ব্যয় অতীতে হয়েছে এবং আদায়যোগ্য নয়—
   ক) সুযোগ ব্যয় খ) প্রাসঙ্গিক ব্যয়
   গ) নিয়ন্ত্রিত ব্যয় ঘ) কালীন ব্যয়

৮. পরিবর্তনশীল ব্যয়, স্থায়ী ব্যয় ও মিশ্র ব্যয়- এই তিন শ্রেণিতে ব্যয়কে ভাগ করা হয় নিচের কোন ভিত্তিতে?
   ক) উপাদান খ) আচরণ
   গ) কার্য ঘ) কাল

৯. CVP শব্দটির পূর্ণরূপ কোনটি?
   ক) Cost Value Profit
   খ) Cost Value production
   গ) Cost Volume Profit
   ঘ) Cost Volume Production

১০. অন প্রতি বছরে ১০,০০০ একক ২০ টাকা করে বিক্রয়ের প্রত্যাশা করে। এজন্য উৎপাদন বাবদ প্রতি এককে ১০ টাকা ব্যয় হয় এবং স্থায়ী ব্যয় বাবদ বাৎসরিক ৬০,০০০ টাকা ব্যয় হয়। তাহলে সমচ্ছেদ বিন্দু কত একক হবে?
   ক) ৩,০০০ একক খ) ৪,০০০ একক
   গ) ৬,০০০ একক ঘ) ১০,০০০ একক

১১. বাজেটিয় নিয়ন্ত্রণ হলো—
   ক) বাজেটের ভিত্তিতে নিয়ন্ত্রণ
   খ) কর্মচারীদের নিয়ন্ত্রণ
   গ) কর্ম পন্থা নিয়ন্ত্রণ
   ঘ) ব্যয় নিয়ন্ত্রণ

১২. রায়হান এন্ড সন্স প্রতিটি ১২ টাকা করে ২,০০,০০০ কলম বিক্রি করে। ব্যবসায়ের স্থায়ী ব্যয় ১০,০০,০০০ টাকা এবং নিট লাভের পরিমাণ ৬,০০,০০০ টাকা। উক্ত ব্যবসায়ের পরিবর্তনশীল ব্যয়ের পরিমাণ কত?
   ক) ৭,৫৫,০০০ খ) ১,০০,০০০
   গ) ৮,০০,০০০ ঘ) ৭,৯৯,০০১

১৩. প্রাপ্তি ও প্রদান হিসাবের ডেবিট দিকে থাকা বিগত বছরের আয় কোথায় স্থানান্তরিত হবে?
   ক) আয়-ব্যয় হিসাব
   খ) উদ্বর্তপত্রের দায়ের দিকে
   গ) প্রারম্ভিক মূলধন তহবিলে
   ঘ) উদ্বর্তপত্রের সম্পত্তির দিকে

উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।

অগ্রগামী ক্লাবের সদস্যদের নিকট থেকে মোট প্রাপ্ত চাঁদা ২,০০,০০০ টাকা। এর মধ্যে বিগত বছরের ২০,০০০ টাকা, আগামী বছরের ৩০,০০০ টাকা এবং চলতি বছরের বকেয়া চাঁদা ৩৬,০০০ টাকা।

১৪. আয়-ব্যয় হিসাবে চলতি বছরের চাঁদা খাতে কত টাকা দেখাতে হবে?
   ক) ২,৮৬,০০০ টাকা খ) ২,২০,০০০ টাকা
   গ) ২,০০,০০০ টাকা ঘ) ১,৮৬,০০০ টাকা

১৫. আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুতে প্রভাব পড়বে—
   i. বিগত বছরের বকেয়া চাঁদা ২০,০০০ টাকা
   ii. চলতি বছরের বকেয়া চাঁদা ৩৬,০০০ টাকা
   iii. চলতি বছরে প্রাপ্ত অগ্রিম চাঁদা ৩০,০০০ টাকা
   নিচের কোনটি সঠিক?
   ক) i ও ii খ) i ও iii
   গ) ii ও iii ঘ) i, ii ও iii

Teachingbd24.com

১৬. চলতি মূলধন বলতে কী বোঝায়?
ক মোট সম্পদ- মোট দায়
খ মোট সম্পদ-চলতি দায়
গ চলতি সম্পদ- চলতি দায়
ঘ তরল সম্পদ- তরল দায়

১৭. স্কাইলার্ক কোম্পানির আয় বিবরণী থেকে নিম্নোক্ত তথ্য নেওয়া হয়েছে: বিক্রয় ৬৪,২০০ টাকা, মোট লাভ ১০,০০০ টাকা। প্রারম্ভিক মজুদ ১০,০০০ টাকা কয়রাক্তের মজুদ ৮,০০০ টাকা। মজুদ আবর্তন অনুপাত কত?
ক ৪.৫ গুণ খ ৪.৯ গুণ
গ ৫.২ গুণ ঘ ৬.০২ গুণ

১৮. বিনিয়োজিত মূলধনের সাথে কোনটি যুক্ত থাকে?
i. দীর্ঘমেয়াদি ঋণ ii. দীর্ঘমেয়াদি দায়
iii. দীর্ঘমেয়াদি সম্পদ
নিচের কোনটি সঠিক?
ক i খ ii
গ i ও iii ঘ i, ii ও iii

১৯. চলতি হিসাবের ক্রেডিট ব্যালেন্স দ্বারা অংশীদারদের কী বোঝায়?
ক মুনাফা খ আয়
গ পাওনা ঘ দেনা

২০. ক, খ ও গ তিনজন অংশীদার। তাদের নিট মুনাফা ৩০,০০০ টাকা, মুনাফা বণ্টনের অনুপাত $\frac{১}{২}:\frac{১}{৩}:\frac{১}{৬}$ হলে গ কত পাবে?
ক ২০,০০০ টাকা খ ১৫,০০০ টাকা
গ ১০,০০০ টাকা ঘ ৫,০০০ টাকা

২১. ক, খ ও গ তিনজন অংশীদার। তারা যথাক্রমে মাসের প্রথম, মাঝামাঝি ও শেষ তারিখে ১,০০০ টাকা করে উত্তোলন করেন। উত্তোলনের ওপর ৬% হারে সুদ ধার্যের কথা উল্লেখ থাকলে উত্তোলনের ওপর মোট সুদ কত টাকা হবে?
ক ৩৩০ খ ৩৬০
গ ৩৯০ ঘ ১,০৮০

২২. ভবিষ্যৎ তহবিলে নিয়োগ কর্তার দান কোনটির অংশ?
ক মোট উপার্জনের
খ মোট কর্তনের
গ মোট উপার্জন ও মোট কর্তনের
ঘ নিট মজুরির

২৩. নয়ন ম্যানুফেকচারিং-এর প্রারম্ভিক তৈরি মজুদ ৪০০ একক, সমাপনী তৈরি মজুদ ৮০০ একক ও বিক্রয়ের পরিমাণ ২,০০০ একক হলে উৎপাদিত পণ্যের একক কত?
ক ২,৪০০ একক খ ১,০০০ একক
গ ৮০০ একক ঘ ২০০ একক

২৪. যখন মজুরি অনুমোদিত হয় তখন উক্ত লিপিবদ্ধ করণে—
i. মজুরি হিসাব ডেবিট
ii. প্রদেয় মজুরি হিসাব ক্রেডিট
iii. অগ্রিম মজুরি হিসাব ক্রেডিট
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. নিচের কোনটি নগদ প্রবাহ বিবরণীর বিনিয়োগ কার্যক্রমের নগদ বহিঃপ্রবাহ?
ক মাল ক্রয়
খ ঋণপত্রের সুদ প্রদান
গ লভ্যাংশ প্রদান
ঘ সম্পদ ক্রয় বাবদ প্রদান

উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।
২০১৫ আর্থিক বছরে জনাব রহমতের ব্যবসায় হতে নিচের তথ্য সংগৃহীত হয়েছে: যন্ত্রপাতির অবচয় খরচ ১০,০০০ টাকা; ইজারা সম্পত্তির অবলোপন খরচ ৫,০০০ টাকা; নিট মুনাফা ৩৫,০০০ টাকা; নগদে মেশিন বিক্রয় ৪০,০০০ টাকা; নগদে লভ্যাংশ পরিশোধ ২০,০০০ টাকা; নগদে দীর্ঘমেয়াদি বিনিয়োগ ক্রয় ১৫,০০০ টাকা।

২৬. জনাব রহমতের ব্যবসায়ে পরোক্ষ পদ্ধতিতে পরিচালন কার্যক্রম হতে সরবরাহকৃত অর্থের পরিমাণ কত টাকা?
ক ২২,৫০০ খ ৪০,০০০
গ ৪২,৫০০ ঘ ৫০,০০০

২৭. জনাব রহমতের ব্যবসায়ে বিনিয়োগ কার্যক্রম হতে নিট নগদ আগমনের পরিমাণ কত টাকা?
ক ২০,০০০ খ ২৫,০০০
গ ৫৫,০০০ ঘ ৬০,০০০

২৮. মজুদ সংগ্রহ মূল্য হ্রাস বৃদ্ধি পেলে যে পদ্ধতি সুবিধাজনক—
ক LIFO খ FIFO
গ AVERAGE ঘ FILO

২৯. অবিরত মজুদ তালিকা পদ্ধতিতে বাকিতে পণ্যদ্রব্য ক্রয় করলে সঠিক দাখিলা কোনটি?
ক মজুদ পণ্য হিসাব ডেবিট, প্রদেয় হিসাব ক্রেডিট
খ ক্রয় হিসাব ডেবিট, প্রদেয় হিসাব ক্রেডিট
গ পণ্যদ্রব্য হিসাব ডেবিট, পাওনাদার হিসাব ক্রেডিট
ঘ পণ্যদ্রব্য হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট

৩০. বিন কার্ডে অন্তর্ভুক্ত থাকে—
i. মালের মূল্য ii. মালের পরিমাণ
iii. মালের আগমন ও নির্গমন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | ক | ৪ | ক | ৫ | ক | ৬ | গ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | গ | ১১ | ক | ১২ | গ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | গ |

teachingbd24.com